

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪১০০(আগরতলা, ১১।২)
আমবাসা, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

ধলাইয়ে তামাক নিয়ন্ত্রণ বিষয়ে পথনাটক

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের যৌথ উদ্যোগে ধলাই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের ব্যবস্থাপনায় গত ২৯ জানুয়ারি থেকে তামাক নিয়ন্ত্রণ ও তার ক্ষতিকারক প্রভাব, মানসিক স্বাস্থ্য, যক্ষ্মা রোগ-এর উপর ধলাই জেলার প্রতিটি মহকুমায় পথ নাটকের মাধ্যমে সচেতনতামূলক প্রচারাভিযান চালানো হচ্ছে। জেলার আমবাসা মহকুমার কচুছড়া বাজার, বাঘমারা বাজার, শিকারিবাড়ি বাজার, লংতরাইভ্যালি মহকুমার মনু বাজার, মনুঘাট দ্বাদশ শ্রেণি বিদ্যালয়, কমলপুর মহকুমার সালেমা বাজার, মানিকভান্ডার বাজার ও ফুলছড়ি বাজারে পথ নাটকের মাধ্যমে প্রচার চালানো হয়। পথ চলতি মানুষ এবং বিদ্যালয়ের ছাত্রছাত্রীদেরকে যক্ষ্মা রোগের বিষয়ে সচেতন করা হয়। আমবাসা ও কুলাই-এর শিল্পীরা পথনাটক পরিবেশন করেন।
